**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়**
**টাঙ্গাইল।**
**tangail.judiciary.org.bd**

**বিষয় ঃ** *মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর অধীন দায়েরকৃত মামলার নথি বিচারের জন্য বদলী প্রসঙ্গে।*

**সূত্র ঃ** বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগের ফৌজদারী বিবিধ ৪০৩৮৮/২০১৯ এর বিগত ২০/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রচারিত রায় এবং তৎপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগ (বিচার শাখা), ঢাকা কর্তৃক ০৭/১১/২০১৯ খ্রিঃ তারিখে প্রচারিত সার্কুলার নং-জে-০৮/২০১৯।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৪৪ অনুসারে ট্রাইব্যুনাল প্রতিষ্ঠা কিংবা গেজেট প্রকাশের মাধ্যমে বিকল্প আদালতকে ক্ষমতা না দেয় অথবা ট্রাইব্যুনাল সংক্রান্ত আইনের বিধান সংশোধন না হওয়া পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীনে দায়েরকৃত মামলার বিচারিক কার্যক্রম ফৌজদারী কার্যবিধি ধারা ৫(২) অনুসরণে ঐ কার্যবিধির ২য় তপসিলে উল্লেখিত "অন্যান্য আইনসমূহের অধীন অপরাধ (Offences against other laws) " বিধান অনুযায়ী পরিচালিত হবে মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ফৌজদারী বিবিধ ৪০৩৮৮/২০১৯ নং মোকদ্দমায় বিগত ২০/১০/২০১৯ খ্রিঃ তারিখের আদেশে মাননীয় বিচারপতি জনাব এম. ইনায়েতুর রহিম এবং মাননীয় বিচারপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান মহোদয়ের সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ কর্তৃক আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগের উল্লিখিত ফৌজদারী বিবিধ মোকদ্দমার আদেশ যথাযথভাবে অনুসরণ করার জন্য সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এমতাবস্থায়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর অধীন দায়েরকৃত মামলার বিচার প্রক্রিয়া চলমান রাখার জন্য এতদ্‌সংক্রান্তে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগের ফৌজদারী বিবিধ ৪০৩৮৮/২০১৯ নং মোকদ্দমায় প্রচারিত উল্লিখিত আদেশ যথাযথভাবে অনুসরণ করার জন্য বিজ্ঞ ম্যাজিস্ট্রেটসহ জি.আর শাখায় কর্মরত পুলিশ সদস্যদের নির্দেশ দেয়া গেল।

৩। জনস্বার্থে অত্র নির্দেশনা জারী করা হলো। বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় হাইকোর্ট বিভাগের ফৌজদারী বিবিধ ৪০৩৮৮/২০১৯ এর বিগত ২০/১০/২০১৯ খ্রিঃ তারিখে প্রচারিত রায়ের অনুলিপিসহ অত্র আদেশের কপি সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৩৯.১৯/১০৩৭(১৫)-১৪

তারিখ ঃ ২৯ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ / ১৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**
১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।

**অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ**
১। বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
২। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ আদালত, টাঙ্গাইল।
৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
৪। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা এডভোকেট বার সমিতি, টাঙ্গাইল।
৫। কোর্ট পুলিশ পরিদর্শক, সদর কোর্ট, টাঙ্গাইল (সকল জি.আর.ও দের অবগতকরণ এবং উক্ত বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের নির্দেশনাসহ)।
৫। কম্পিউটার অপারেটর, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, টাঙ্গাইল (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
৬। পি/এ টু সি.জে.এম, টাঙ্গাইল।
৭। অফিস কপি।

১৪/১১/২০১৯
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।